গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সমন্বয় অধিশাখা
www.plandiv.gov.bd

## ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভার তারিখঃ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৬ খ্রিঃ |
| সময়ঃ | সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থানঃ | সম্মেলন কক্ষ (ব্লক-১০, কক্ষ-০৩) পরিকল্পনা বিভাগ। |
| সভাপতিঃ | ও.এন. সিদ্দিকা খানম, অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা। |

১.০. সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'।

২.০. সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (সমন্বয়) বিগত ২৪/১২/২০১৬ খ্রিঃ তারিখের অনুষ্ঠিত ইনোভেশন টিমের কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। কার্যপত্র অনুযায়ী সভায় বিগত সভার গৃহীন্ত সিদ্ধান্ত ও এর বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.০ মাসিক ইনোভেশন টিমের সভা আহবানের সময়সূচিঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| মাসিক সমন্বয় সভার পর মাসিক ইনোভেশন টিমের সভা আহ্বানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিগত ২৪/১২/২০১৬ খ্রিঃ তারিখের ইনোভেশন টিমের সভায় এ বিষয়ে একটি সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু জানুয়ারি, ২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার পর বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা এবং মাসিক প্রকল্প বাস্তবায়ন সভা থাকায় ইনোভেশন টিমের সভা আহ্বান করা সম্ভব হয়নি। সভাপতি মাসিক সমন্বয় সভার পর ইনোভেশন টিমের সভা আহবান করা যাবে কিনা জানতে চাইলে এ বিষয়ে সবাই অসম্মতি প্রকাশ করেন। সভাপতি মাসিক সমন্বয় সভার দিন ইনোভেশন সভা আহ্বানের বিষয়টি বাদ দিতে বলেন। তিনি সচিব মহোদয়ের সভাপতিত্বে ইনোভেশন টিমের একটি সভা করা গেলে ভাল হতো মর্মে সভায় মত প্রকাশ করেন। | মাসিক সমন্বয় সভার সাথে এজেন্ডাভূক্ত করে ইনোভেশন সংক্রান্ত আলোচনা করতে হবে। সমন্বয় সভার দিন ইনোভেশন টিমের সভা আহ্বান করা যাবে না। সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি ইনোভেশন টিমের সভা আহ্বান করার বিষয়ে ব্যবস্থা নিতে হবে। | চীফ ইনোভেশন অফিসার ও উপসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ। |

৪.০ পরিকল্পনা বিভাগের ইনোভেশন টিমে NAPD ও BIDS এর ইনোভেশন সংক্রান্ত আলোচনা:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভাপতি জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (NAPD) ও বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (BIDS) এর প্রতিনিধির কাছে ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা জানতে চান। BIDS এর প্রতিনিধি বলেন রিসার্চ গ্রুপ এর মাধ্যমে ই-মেইল করা হয়, ওয়েবসাইটে study প্রকাশের মাধ্যমে মতামত গ্রহণ করা হয়। সভায় রিসার্চ সংক্রান্ত তথ্যাদি বিআইডিএস এর ওয়েব সাইটে দেওয়া যায় কি না তা নিয়ে কাজ করার জন্য উপস্থিতি সচিব (চলিত দায়িত্ব) কে বলা হয়। এনএপিডি এর প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, অনলাইনের প্রশিক্ষণার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করা হয়। ডিজিটাল ডিসপ্লে এর কোন কোন প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে তা দেখা যায়। তাছাড়া কিছু কিছু ই-টেন্ডারিং এর কাজ করা হয়। যুগ্মসচিব (প্রশাসন) বলেন যে, কর্মকর্তাদের প্রশিক্ষণ সংক্রান্ত ডাটাবেজ প্রস্তুত করতে পারলে ভাল। মন্ত্রিপরিষদ বিভাগ প্রত্যেক কর্মকর্তা-কর্মচারীকে কত জনঘন্টা প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তা জানতে চায়। উত্তরে এনএপিডি-এর প্রতিনিধি বলে জুলাই, ২০১৬ হতে এসকল তথ্য সংরক্ষণের পদ্ধতি চালু করা হয়েছে। উপসচিব (সমন্বয়) বলেন মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক এনএপিডি ও বিআইডিএসকে ও প্রতি মাসে ইনোভেশন টিমের সভা করতে হবে, ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা তৈরী করে এ বিভাগে প্রেরণ করতে হবে। প্রাপ্ত কর্মপরিকল্পনা ও মাসিক কার্যবিবরণী পরবর্তীতে পরিকল্পনা বিভাগ হতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। | বিআইডিএস ও এনএপিডিকে প্রতি মাসে ইনোভেশন টিমের সভা করতে হবে এবং উক্ত সভার কার্যবিবরণী পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। তাছাড়া ২০১৬ সালের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে তা পরিকল্পনা বিভাগে প্রেরণ করতে হবে। পরবর্তীতে পরিকল্পনা বিভাগ তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। | মহাপরিচালক<br>NAPD ও BIDS<br>এবং<br>উপসচিব (সমন্বয়)<br>পরিকল্পনা বিভাগ। |

অপর পৃষ্টায় দ্রষ্টব্য

৫.০ মোবাইল অ্যাপস্ সংক্রান্ত আলোচনাঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সভায় সভাপতি কোন কোন সেবা মোবাইল অ্যাপসের মাধ্যমে প্রদান করা যায় সে বিষয়ে মতামত জানতে চান। সহকারী প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটকে মোবাইল অ্যাপস্ এ আনা হয়েছে। এখন হতে এ অ্যাপস্ ব্যবহার করে মোবাইলের মাধ্যমে অফ লাইনেও পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রবেশ করা যাবে। সভায় সদ্য অব্যবহিত প্রাপ্ত সহকারী মেইনটেইন্যান্স ইঞ্জিনিয়ার এর মোবাইল অ্যাপস্ সম্পর্কিত কতিপয় বিষয় নিয়ে আলোচনা হয়। এর মধ্যে অভিযোগ ব্যবস্থাপনা, ইনোভেশন বক্স মোবাইল অ্যাপস্ এ রূপান্তরের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়। যুগ্মসচিব (প্রশাসন) জানান যে, অভ্যন্তরীণ অভিযোগ ব্যবস্থাপনা বর্তমানে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে রয়েছে। | মোবাইল অ্যাপস্-এ অভ্যন্তরীণ অভিযোগ ব্যবস্থাপনা এবং ইনোভেশন বক্স স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | আইসিটি সেল পরিকল্পনা বিভাগ। |

৬.০ ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা (জানুয়ারি-ডিসেম্বর, ২০১৬) পর্যালোচনা ও অনুমোদনঃ

| | | |
|---|---|---|
| সভায় যুগ্মসচিব (প্রশাসন) প্রস্তুতকৃত পরিকল্পনা বিভাগ-এর ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা (জানুয়ারি, ২০১৬-ডিসেম্বর, ২০১৬) পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে উক্ত ৩১টি কর্মকান্ড হতে প্রকল্পের ডাটাবেজ অনলাইনে প্রদান, এডিপি এবং আরএডিপি প্রণয়ন সংক্রান্ত কার্যক্রম বাদ দিয়ে অবশিষ্ট ২৮টি কর্মকান্ড সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। উক্ত কর্মপরিকল্পনাটি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সমন্বয় সভায় উপস্থাপন করার পর অনুমোদন সাপেক্ষে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | ইনোভেশন টিমের সভায় সংশোধিত অনুমোদিত কর্মপরিকল্পনাটি (জানুয়ারি, ২০১৬-ডিসেম্বর, ২০১৬) মাসিক সমন্বয় সভার অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | উপসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ |

অপর পৃষ্টায় দ্রষ্টব্য

৭.০। বিবিধঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| (১) অনলাইনে নথি ব্যবস্থাপনা কোন কোন শাখায় চালু আছে এবং কোন কোন শাখায় নাই। | (১) পরিকল্পনা বিভাগ এবং কমিশনের সকল শাখায়/অধিশাখায় এবং উইং এ ই-নথি ব্যবস্থাপনা ব্যবহার করে অন লাইনের মাধ্যমে নথি উপস্থাপন করতে হবে। | পরিকল্পনা বিভাগ/কমিশনের সকল কর্মকর্তা/কর্মচারী |
| (২ ছবিসহ কর্মকর্তাদের নাম, পদবী ও ঠিকানা পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। সহকারী প্রোগ্রামার জানান যে, কিছু কিছু কর্মকর্তার ছবি এখনও পাওয়া যায়নি। সভাপতি যেসকল কর্মকর্তার ছবি এখনও পাওয়া যায়নি তা সত্বর প্রেরণের জন্য অনুরোধ করেন। | (২) যে সকল কর্মকর্তার ছবি এখনও জমা দেওয়া হয়নি তা সত্বর জমা দিতে হবে। | পরিকল্পনা বিভাগ/ কমিশনের সকল কর্মকর্তা |
| (৩) জনাব অঞ্জন কুমার বিশ্বাস যুগ্ম-প্রধান, শিল্প ও শক্তি বিভাগ প্রকল্পের DPP/RDPP যাচাই করার চেকলিস্ট জমা দিয়েছেন। তাছাড়া একটি PDPP প্রণয়নের সময় লক্ষণীয় বিষয়সমূহের তালিকা প্রেরণ করেছেন। মডেল DPP এর বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। সভাপতি বলেন প্রকল্পের DPP/RDPP যাচাই করার চেকলিস্টটি পরিকল্পনা কমিশনের সকল বিভাগে প্রেরণ করে মতামত সংগ্রহ করতে হবে। প্রাপ্ত মতামতের পর তা পর্যালোচনাপূর্বক ওয়েবসাইটে দিতে হবে। | (৩) প্রকল্পের DPP/RDPP যাচাই করার চেকলিস্টটি পরিকল্পনা কমিশনের সকল বিভাগে প্রেরণ করে মতামত সংগ্রহ করতে হবে। | উপসচিব (সমন্বয়) পরিকল্পনা বিভাগ। |

৮.০। অতঃপর সভায় আর কোন কিছু আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ও. এন. সিদ্দিকা খানম)
অতিরিক্ত সচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
পরিকল্পনা বিভাগ